



ঢাকা বিশ্ববিদ্যালয়

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এম.ফিল ও পিএইচ.ডি. বৃত্তি মঞ্জুরী (০৭/০১/২০২০) কমিটির ১৩ একাডেমিক পরিষদের (২৭/০১/২০২০) সুপারিশ এবং সিন্ডিকেটের (২৮/০১/২০২০) অনুমোদনক্রমে নিম্নোক্ত গবেষকগণকে তাঁদের নামের পাশে উল্লেখিত হারে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এম.ফিল. প্রোগ্রামে যোগদানের তারিখ থেকে ১ (এক) বছরের জন্য বৃত্তি মঞ্জুর করা হয়েছে। গবেষকগণকে চিঠি ইস্যুর তারিখ থেকে ১ (এক) মাসের মধ্যে বৃত্তির অঙ্গীকারপত্রসহ প্রয়োজনীয় সকল কাগজপত্র রেজিস্ট্রারের অফিসের এম.ফিল. ও পিএইচ.ডি. শাখায় (কক্ষ নম্বর-৩২৩) জমা দিতে হবে। উক্ত সময়ের মধ্যে সকল কাগজপত্র জমা না দিলে তাঁর বৃত্তি বাতিল বলে গণ্য হবে। গবেষকগণ বিশ্ববিদ্যালয়ে বা কোন সংস্থায় চাকুরীরত থাকলে বা কোন প্রতিষ্ঠান থেকে গবেষণা বৃত্তি/আর্থিক মঞ্জুরী পেয়ে থাকলে এই বৃত্তি ভোগ করতে পারবে না। নিম্নে বৃত্তিপ্রাপ্ত গবেষকদের নাম, বিভাগ, রেজিস্ট্রেশন নম্বর, এম.ফিল. প্রোগ্রামে ১ম বর্ষে যোগদানের তারিখ ও বৃত্তির মাসিক হার উল্লেখ করা হলো :

১৮.	মোঃ আব্দুল হাকিম শাহ রেজিঃ ২১৩/২০১৫-২০১৬	তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা	৩/৮/২০১৬	৪০০০/-	
১৯.	মোহাঃ নাসিরুজ্জামান রেজিঃ ২১২/২০১৫-২০১৬	তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা	৩/৮/২০১৬	৪০০০/-	
২০.	আফরিন সুলতানা রেজিঃ ২১৪/২০১৫-২০১৬	তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা	১/৮/২০১৬	৪০০০/-	

বৃত্তি মঞ্জুরী কমিটির সিদ্ধান্ত :

- এম.ফিল. ও পিএইচ.ডি. বৃত্তির হার ইউ.জি.সি. কর্তৃক নির্ধারিত হারে মঞ্জুর করা হোক।
- বৃত্তি মঞ্জুরের ক্ষেত্রে নিম্নলিখিত প্রচলিত নিয়ম ও শর্তাবলী অনুসরণ করা হোক :
 - বৃত্তিপ্রাপ্ত গবেষকদেরকে বিশ্ববিদ্যালয়ের সাধারণ তহবিল থেকে তাঁদের গবেষণা কাজে যোগদানের তারিখ থেকে ১ বছরের জন্য এম.ফিল. ও পিএইচ.ডি. বৃত্তি মঞ্জুর করা হোক।
 - বৃত্তিপ্রাপ্ত গবেষক চিঠি ইস্যুর তারিখ থেকে এক মাসের মধ্যে বৃত্তির অঙ্গীকারপত্রসহ যাবতীয় কাগজপত্র জমা না দিলে তাঁর বৃত্তি বাতিল করা হোক।
 - কোন গবেষক চাকুরীরত থাকলে বা অন্য কোন সংস্থা থেকে বৃত্তি অথবা আর্থিক সহযোগিতা পেলে এই বৃত্তি ভোগ করতে পারবেন না।
 - এম.ফিল. ও পিএইচ.ডি. বৃত্তির জন্য মনোনীত প্রার্থীগণ সময়মত অঙ্গীকারপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা না দিলে, উদ্বৃত্ত বৃত্তি হিসেবে তাঁদের বৃত্তি উক্ত বিভাগের/ইনস্টিটিউটের মেধা তালিকা থেকে পরবর্তী গবেষককে সংশ্লিষ্ট ডিন/পরিচালকের সুপারিশ অনুযায়ী উপার্চয় মহোদয়ের অনুমোদন সাপেক্ষে উদ্বৃত্ত বৃত্তি মঞ্জুর করা হোক।
 - এম.ফিল. প্রোগ্রামের কোন গবেষক পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তরিত হলে তাঁর নাম পিএইচ.ডি বৃত্তির মেধা তালিকায় অন্তর্ভুক্ত করা হোক।
 - বৃত্তিপ্রাপ্ত গবেষককে নিম্নলিখিত কাগজপত্র জমা না দেয়া পর্যন্ত বৃত্তির টাকা বন্টন করা যাবে না।
- বৃত্তিপ্রাপ্ত গবেষককে ৩০০/-টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারপত্র জমা দিতে হবে (নমুনা সংযোজিত)। অঙ্গীকারপত্রে নিশ্চয়তা প্রদানকারীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা/সরকারী কর্মকর্তা হতে হবে।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ১ কপি ছবি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/ চেয়ারম্যান/ পরিচালক কর্তৃক সত্যায়ন করে অঙ্গীকারপত্রের সাথে জমা দিতে হবে।
- শারীরিক ও মানসিক দিক থেকে গবেষণা কাজ করতে বৃত্তিপ্রাপ্ত গবেষক সক্ষম কিনা সে বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রধান মেডিকেল অফিসারের সার্টিফিকেট জমা দিতে হবে (যারা ইতোমধ্যে থিসিস জমা দিয়েছে তাঁদের জন্য প্রযোজ্য নয়)।
- উপরে বর্ণিত নিয়ম ও শর্তাবলী চলতি বৃত্তি মঞ্জুরী ও পরবর্তী বৃত্তি মঞ্জুরীর ক্ষেত্রে অনুসরণ করা হোক।
- ২য় বর্ষের বৃত্তি নবায়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশনের মেয়াদের মধ্যে থিসিস জমা দেয়ার পর বৃত্তিপ্রাপ্ত গবেষককে বৃত্তি নবায়নের জন্য আবেদন করতে হবে।

(Signature)